

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০২৮(আগরতলা, ১২।৯)
খোয়াই, ১২ সেপ্টেম্বর, ২০১৭

আমপুরায় ৩৩/১১ কেভি সাব স্টেশনের উদ্বোধন

গতকাল আনুষ্ঠানিক ভাবে ৩৩।১১ কেভি আমপুরা সাব স্টেশনের উদ্বোধন করা হয়েছে। বিদ্যুৎ ও নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী মানিক দে এর উদ্বোধন করেন। আমপুরা হাইস্কুল মাঠে এর উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই সাব স্টেশনের উদ্বোধনী ভাষণে বিদ্যুৎ ও নগরোন্নয়ন মন্ত্রী মানিক দে বলেন, রাজ্যে বিদ্যুৎ চাহিদা এখন অনেক বেড়েছে। ১৯৭৮ সালের আগে ত্রিপুরাতে বিদ্যুতের গ্রাহক সংখ্যা ছিল ১৪৭০০টি পরিবার। তাও আগরতলা শহর ও কয়েকটি মফস্বল শহর কেন্দ্রিক ছিল। রাজ্যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে গ্রাহকদের বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার কাজ করা হয়। বড়মুড়া, রুখিয়া এবং ডম্বর প্রজেক্ট থেকে মাত্র ৬-৭ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হতো। যা দিয়ে মাত্র ৬ থেকে ৭ ঘন্টা বিদ্যুৎ দেওয়া সম্ভব হতো। তাই রাজ্য সরকার চুক্তির ভিত্তিতে বাইরের রাজ্য থেকে বিদ্যুৎ কিনে আনত। এই পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার পরিকল্পনা করে মেগা প্রজেক্ট তৈরী করে উদয়পুরের পালাটানায়। তার পর ২০০২ সালে সোনামুড়ার মনারচকে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের কাজ শুরু করা হয়। এখন এই মনারচক থেকে ১০০ মেগাওয়াট বিদ্যুৎ পাচ্ছে রাজ্য। তিনি বলেন, ত্রিপুরা এখন বিদ্যুৎ ক্ষেত্রে ভাল অবস্থানে পৌঁছে গেছে। বর্তমানে ৭ লক্ষ ৫০ হাজার পরিবারকে বিদ্যুৎ পরিসেবার আওতায় আনা হয়েছে। এখন রাজ্যে মোট ৪৩ হাজার কিলোমিটার বিদ্যুতের লাইন করা হয়েছে। প্রধান অতিথির ভাষণে এ ডি সি'র চেয়ারম্যান ড. রনজিত দেববর্মা বলেন, রাজ্য সরকার এবং এ ডি সি প্রশাসন রাজ্যের উন্নয়নের জন্য কাজ করছে। রাজ্যের উন্নয়ন এবং জন কল্যাণে গৃহীত কর্মসূচী যথাযথ ভাবে রূপায়ণের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। উল্লেখ্য, এই সাব স্টেশনটি চালু হওয়ার ফলে চারটি ফিডারের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার তুইহাচিং, মারে হাদুক, দক্ষিণ রামচন্দ্রঘাট, আখরাবাড়ি, জালাই তুইসা, কামরাজনগর, উপেন্দ্রনগর, রামদয়াল বাড়ি, পাগলাবাড়ি, পূর্ব রামচন্দ্রঘাট, উত্তর রামচন্দ্রঘাট এ ডি সি ভিলেজের বিদ্যুৎ গ্রাহকরা উপকৃত হবেন। এই সাব স্টেশন নির্মাণে ব্যয় হয়েছে ৪ কোটি ৪০ লক্ষ টাকা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন খোয়াই জেলাশাসক ড. সন্দীপ এন মাহাত্মে। স্বাগত ভাষণ দেন ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের সি এম ডি জয়ন্ত বরকাকতি। সভাপতিত্ব করেন বিধায়ক পদ্ম কুমার দেববর্মা।
